



সংবাদপত্রের নাম: : দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস
প্রকাশনার স্থান : : ময়মনসিংহ
তারিখ : : ১৪.০৬.২০২৩ খ্রি.

সংবাদ :
সম্পাদকীয় :
প্রবন্ধ/চিত্রপত্র :

নান্দাইলের চর-কমরভাঙ্গা প্রাথমিক বিদ্যালয়ে এক শিক্ষকে চলছে ৩১০ শিক্ষার্থীর পাঠদান

মঞ্জুরুল হক, নান্দাইল (ময়মনসিংহ)
ময়মনসিংহের নান্দাইল উপজেলার ১৩নং চরবেতাগৈর ইউনিয়নের ১১নং চর-কমরভাঙ্গা সরকারী প্রাথমিক বিদ্যালয়ে শুধুমাত্র ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক দিয়ে বিদ্যালয়ের কাজ কর্ম কোন মতে চলছে। জানাগেছে, বিগত ২১ জুন ২০১৮ সন থেকে শেখ সামীম নামে একজন সহকারী শিক্ষক ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক হিসাবে দায়িত্বরত আছেন। বিদ্যালয়টিতে বর্তমানে ৩১০জন ছাত্র/ছাত্রী রয়েছে। এই বিদ্যালয়ের ২জন সহকারী শিক্ষক যথাক্রমে মো. নূরুল ইসলাম বিল্লালকে পাচানী সরকারী প্রাথমিক বিদ্যালয়ে ও মোঃ এনামুল হককে চর-উত্তরবন সরকারী প্রাথমিক বিদ্যালয়ে নিয়মবহিভূতভাবে বিগত ২৪ জানুয়ারি ২০২৩ বদলী করা হয়। তাদের বদলীর সময় ২০১৯ সনের প্রতিস্থাপন দেখিয়ে বিধি বহিভূতভাবে ২জন শিক্ষককে বদলী করা হয়। অপরদিকে বিগত

জানুয়ারি মাসে আনোয়ার পাশা ও সেলিম হোসেন নামে নতুন ২জন শিক্ষক যোগদান করেন। পরে তাদের জনতা ব্যাংক লিঃ চাকুরী হওয়ায় ২৫শে ২০২৩ ২জন চাকুরী থেকে ইস্তফা দিয়ে ব্যাংকে যোগদান করায় বর্তমানে ১জন শিক্ষকের উপর ৩১০জন ছাত্র/ছাত্রীর শুরূ দায়িত্বভার পড়েছে। শিক্ষার্থীর অভিভাবক বলছেন, একটি বিদ্যালয়ে একজন মাত্র শিক্ষক দিয়ে কিভাবে চলতে পারে তা ভাবনার বিষয়। এখন পড়ালেখা না হলেও বাধ্য হয়েই ছেলেমেয়েদের বিদ্যালয়ে পাঠাতে হচ্ছে। তারা অনতিবিলম্বে শিক্ষক সমস্যার সমাধান চেয়েছেন। নান্দাইল উপজেলা শিক্ষা অফিসার ফজিলাতুন নোছা জানান, বিষয়টি জেলা প্রাথমিক শিক্ষা অফিসারকে অবহিত করা হয়েছে। উক্ত সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার পরিবেশ ফিরিয়ে আনার জন্য দ্রুত শিক্ষক পদায়নসহ যোগদানের বিষয়টি নিশ্চিত করা হবে।